# সারের পরিমিত ব্যবহার

বিভিন্ন সময় সার ফসল উৎপাদনের জন্য যেমন প্রয়োজনীয়, তেমনি সারের অতিরিক্ত ব্যবহার ফসল, মাটি ও পরিবেশের জন্য ক্ষতিকর। সারের অতিরিক্ত ব্যবহারে ফসল উৎপাদনের খরচও বৃদ্ধি পায়।

- পরিমিত সার ব্যবহারে রোগ ও পোকার আক্রমণ কম হয়। ফলে বালাইনাশক কম লাগে।
- অধিক ইউরিয়া (N) ব্যবহারে ফসলের উৎপাদন কখনো কখনো বৃদ্ধি পেলেও জমির উর্বরতা কমে যায়। নাইট্রোজেন বাতাসে মিশে পরিবেশ দূষণ করে। আবার পানিতে মিশে মানুষের জন্য ক্ষতির কারণ হয়।
- অতিরিক্ত নাইট্রোজেন ব্যবহারে গাছের কোষপ্রাচীর পাতলা হয়ে যায়। ফলে গাছের কাঠামোগত শক্তি কমে যায়। গাছের কাণ্ড স্বাভাবিকের চেয়ে লম্বা ও নরম হয়ে যায় এবং কাণ্ডের চেয়ে পাতা বেশি ভারী হয়। ফলে গাছ সহজেই হেলে পড়ে।
- নাইট্রোজেন বেশি ব্যবহারে মাটিতে বোরণ, দস্তা ও কপারের ঘাটতি হয়।
- টিএসপি/ডিএপি (P) সার অতিরিক্ত ব্যবহার করলে ফসলের বৃদ্ধি কমে যায় ও আগাম পরিপক্কতা দেখা যায়। অম্ল মাটিতে ফসফেট আটকে যায় (Fixation) বিধায় গাছের কোন কাজেই আসে না। বেশি ফসফেট জাতীয় সার (P) ব্যবহার করলে মাটিতে নাইট্রোজেন, আয়রন, জিংক, কপার ও ম্যাঙ্গানিজ এর অভাব দেখা দেয়।
- এমওপি (পটাশিয়াম- K) সার অতিরিক্ত ব্যবহার করলে মাটির ক্যালসিয়াম ও বোরণ শুষে নেয় এবং পানি নিঃসরণের হার কমে যায়। গাছের বৃদ্ধি মারাত্মকভাবেহ্রাস পায়।
- জিপসার সার (Ca, S সমৃদ্ধ) অতিরিক্ত ব্যবহার করলে শিকড়ের বৃদ্ধি কমে যায়। ফলে গাছের শারীরবৃত্তীয় কার্যক্রম কমে যায়।
- জিংক সালফেট (Zn) অতিরিক্ত ব্যবহারে মাটিতে বিষক্রিয়া হয়, গাছের আমীষ উৎপাদন ব্যহত হয়।
- বোরণের অতিরিক্ত ব্যবহারে কচিপাতা ও ডগা ক্ষতিগ্রস্থ হয়, ফলন কম হয়।
- অম্লীয় মাটিতে চুন বেশি ব্যবহার করলে মাটিতে থাকা জিংক, বোরণ, আয়রন, কপার ও ম্যাঙ্গানিজের অভাব হতে পারে।

## করণীয়:

- জৈব সারের ব্যবহার বৃদ্ধি করতে হবে। খামার/গৃহস্থালীর আবর্জনা, উচ্ছিষ্ট পদার্থ ইত্যাদি দিয়ে বিনা খরচে জৈব সার উৎপাদন করে ব্যবহার করতে হবে।
- ইউরিয়া সার প্রতি ফসলেই পূর্ণমাত্রায় প্রয়োগ করতে হয়। রবি মৌসুমে (ক) TSP/ DAP প্রয়োগ করলে পরবর্তী মৌসুমে ৩০-৫০% কম লাগে (খ) এমওপি পরবর্তী মৌসুমে ৩০-৪০% কম লাগে (গ) জিপসাম পরবর্তী ফসলে ভিজা জমিতে পূর্ণমাত্রায় দিতে হয় এবং শুকনা জমিতে ৫০% দিলেই চলে। (ঘ) জিংক সার পরবর্তী মৌসুমে অর্ধেক দিলেই চলে (ঙ) বোরণ বছরে ১ বার দিলেই চলে।
- অম্লীয় জমিতে প্রতি ৩ বছর পর পর ডলোচুন ব্যবহার করতে হয়।
- সুষম মাত্রায় পরিমিত পরিমাণ সার ব্যবহারের জন্য মাটি পরীক্ষা করে/অনলাইনে সার সুপারিশ নির্দেশনা মেনে সার দিন।
- আপনার ব্লকের উপসহকারী কৃষি অফিসার (এসএএও) অথবা নিকটস্থ উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করে সঠিক মাত্রায় সার প্রয়োগ করুন। অর্থ বাঁচান, জমি ও ফসল নিরাপদ রাখুন।

**কৃষি সম্প্রসারণ অধিদপ্তর**
**খামারবাড়ি, ঠাকুরগাঁও**

কাল: জানুয়ারী ২০২৫, মুদ্রণ সংখ্যা: ৭,৫০০ কপি

মুদ্রণ: সেগমেন্ট প্রিন্টার্স, সেন্ট্রাল রোড, রংপুর। সেল: ০১৭১৩ ৭৭ ৪৮